মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : dinajpureducationboard@gmail.com



স্মারক নং ঃ মাউশিবোদি/পনি/এইচএসসি-ফলাফল/২০২৬/**৪১১(১২)** **তারিখ ঃ** ০১/১১/২০২৬ খ্রি.

বিষয় ঃ **২০২৬ সালের এইচএসসি পরীক্ষার স্থগিত (Withheld), ক্রস (×) এবং অনুপস্থিত (Absent) আকারে প্রকাশিত ফলাফলের সংশোধিত ফল প্রকাশের জন্য আবেদন দাখিল প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৬ সালের এইচএসসি পরীক্ষার ফলাফলে কোন প্রতিষ্ঠানের এক/একাধিক পরীক্ষার্থীর পরীক্ষার ফল স্থগিত (Withheld), ক্রস (×) এবং অনুপস্থিত (Absent) আকারে প্রকাশিত হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে আগামী **৩০/১১/২০২৬** তারিখের মধ্যে সংশোধিত ফল প্রকাশের জন্য পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর মোবাইল নম্বরসহ আবেদন করতে হবে। আবেদনের সাথে নিম্নে বর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে।

০১। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান অথবা পরীক্ষার্থী কর্তৃক লিখিত আবেদন।

০২। স্বাক্ষরলিপির ফটোকপি (স্বাক্ষরলিপি শিক্ষা বোর্ড হতে সংগ্রহ করা যেতে পারে)।

০৩। রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত।

০৪। প্রবেশপত্রের ফটোকপি প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত।

০৫। প্রকাশিত ফলাফলের অনলাইন থেকে সংগ্রহকৃত হার্ডকপি।

০৬। ব্যবহারিক নম্বরজনিত সমস্যার ক্ষেত্রে ভারপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক সত্যায়িত নম্বরফর্দের হার্ডকপি।

বিঃদ্রঃ প্রয়োজনীয় কাগজপত্রসহ ০২ (দুই) সেট আবেদন প্রস্তুত করে শিক্ষা বোর্ডে যথাসময়ে জমা দিতে হবে। ৩০/১১/২০২৬ তারিখের পর ২০২৬ সালের এইচএসসি পরীক্ষার ফলাফল সংশোধন সংক্রান্ত কোন আবেদন গ্রহণ করা হবে না।

০১/১১/২৬
প্রফেসর মোঃ বোরহান উদ্দিন
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক
দিনাজপুর শিক্ষা বোর্ডের আওতাধীন
সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান।

অনুলিপি ঃ সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)–
০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
০২। Website Copy.
০৩। অফিস কপি।